গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৬৩.২০১৮-

তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ।
১২ আশ্বিন ১৪২৫ বঃ

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | ২৪/০৯/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোঃ মশিউর রহমান, অতিরিক্ত সচিব(উন্নয়ন) ও সচিব(ভারপ্রাপ্ত) জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৪/০৯/২০১৮, বিকাল ৩.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট), বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ও কার্যবিবরণীর বিষয়বস্তু সভাকে অবহিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বাজেট-১ শাখার সিনিয়র সহকারী সচিব আলোচ্যসুচি অনুযায়ী সভার আলোচ্য বিষয়বস্তু উপস্থাপন করেন।

০২। আলোচনা-১ঃ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য জননিরাপত্তা বিভাগের SDG, APA, MBF এর আলোকে সার্বিক বাজেট ব্যবস্থাপনা সমন্বয়সাধন বিষয়ে বিস্তারিত সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত SDG, APA, MBF নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত SDG, APA, MBF পর্যায়ক্রমিকভাবে সমন্বয় করে জননিরাপত্তা বিভাগের কর্মকৃত্তি নির্ধারণ করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। আগামী একমাসের মধ্যে প্রতিবেদন আকারে তথ্য উপস্থাপনের জন্য বাজেট-২ শাখাকে দায়িত্ব দেয়া হয়।

০৩। আলোচনা-২ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের স্ব-স্ব দপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনার বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত বার্ষিক ক্রয় পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রয়োজন অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় যোগ্য প্রয়োজনীয় সরঞ্জাম ক্রয়ের পক্ষে সকলে মত দেন। জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের স্ব-স্ব দপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা জননিরাপত্তা বিভাগে সর্বোচ্চ ১ মাসের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত দেন। তাছাড়া চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৪। আলোচনা-৩ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের গত ২০১৭-২০১৮ অর্থবছরের আয় ব্যয়ের হিসাব ও ক্রয় ব্যবস্থাপনা পর্যালোচনার বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত আয় ব্যয়ের হিসাব ও ক্রয় ব্যবস্থাপনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। উপস্থাপিত গত ২০১৭-২০১৮ অর্থবছরের আয় ব্যয়ের হিসাব জননিরাপত্তা বিভাগে সর্বোচ্চ ১ মাসের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত দেন।

০৫। আলোচনা-৪ঃ জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা পর্যলোচনার বিষয় বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যেকটি দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট সালে উপস্থাপিত ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা জননিরাপত্তা বিভাগে প্রেরণ করার বিষয়ে মত প্রকাশ করেন।

০৬। আলোচনা-৫ বিবিধঃ

৬.১। চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট এবং জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট বাস্তবায়ন তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে ১ম কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন নিদিষ্ট সময়সীমার মধ্যে বাজেট সঠিকভাবে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।

৬.২। সভায় পুলিশ ও বিজিবির প্রতিনিধিগণ জানান যে, বাংলাদেশ পুলিশ, বিজিবি অন্যান্য সংস্থার টিওএন্ডইভূক্ত যানবাহন ক্রয়ের জন্য স্ব-স্ব দপ্তরে বাজেট বরাদ্দ থাকার পরও অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের অর্থছাড়ে বিলম্বের কারণে সময়মত যানবাহন ক্রয় করা যাচ্ছে না। সভাপতি সদস্যগণকে সরকারের নীতিমালা অনুযায়ী চাহিদাপত্র অগ্রায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন । তবে এ বিষয়ে ত্রিপক্ষীয় সভা করে সমস্যার সমাধান করা যেতে পারে কিনা তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় পরামর্শ প্রদান করেন।

চলমান পাতা-২

৬.৩। অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি জননিরাপত্তা বিভাগ সর্বোচ্চ গুরুত্ব বিবেচনা করে কার্যক্রম গ্রহণ করেছে এবং ইতোমধ্যে অর্থ বিভাগের সহিত ফলপ্রসূ আলোচনার মাধ্যমে সিলিং বহির্ভূত অতিরিক্ত বরাদ্দের সংস্থান করা ফলপ্রসূ হয়েছে; যা অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগের সহিত আলোচনাপূর্বক যৌক্তিকভাবে বিভাজন করা হয়েছে। তবে দেশের আইন-শৃংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ,পুলিশের নতুন ইউনিট গঠন এবং আগামী নির্বাচনে দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা করে তার ক্রয় কার্য যৌক্তিক সময়ের মধ্যেই শেষ করতে হবে। ভবিষ্যৎ বাজেট সিলিং বর্ধিতকরণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় সংশোধিত সিলিং এর মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা ও পরিচালন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান। তাছাড়া, সরকার ঘোষিত ভিশন ২০২১ ও ২০৪১ এবং SDG, APA, MBF প্রভৃতি বিষয় সামগ্রিক বিবেচনায় নিয়ে সরকার ঘোষিত সেবা জনগণের কাছে পৌছানো নিশ্চত করতে হবে; যাতে জননিরাপত্তা বিভাগের ভাবমূর্তি আরও উজ্জল হয়।

৬.৪। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়ঃ

(ক) ২০১৭-২০১৮ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের লক্ষমাত্রাঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | দপ্তর/অধিদপ্তর | ২০১৭-২০১৮ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা | ২০১৭-২০১৮ অর্থবছরের প্রস্তাবিত পরিচালন ব্যয় বরাদ্দ | ২০১৭-২০১৮ অর্থবছরের প্রস্তাবিত উন্নয়ন ব্যয় বরাদ্দ |
|---|---|---|---|---|
| | | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১১,৩৪,৯৯ | ১৬৫,২৪,৫৮ | -- |
| ২ | উপদেষ্টা বোর্ড | -- | ১০,৪৭ | -- |
| ৩ | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | -- | ১৫,১১,৩০ | -- |
| ৪ | এনটিএমসি | -- | ২৫৭,৯৩,৬৫ | ১৩,২৫,০০ |
| ৫ | ইন্টারপোল | -- | ৭০,০০ | -- |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ৫৪৯,৩৪,০৩ | ১২৪৬৫,৮০,০৫ | ৫৩২,৪৪,০০ |
| ৭ | বর্ডারগার্ড বাংলাদেশ | ১২,৩৯,১৭ | ৩২৭৮,৩৬,২৬ | ২০৬,২৪,০০ |
| ৮ | বাংলাদেশ আনসার ও ভিডিপি | ৮,৬১,১৬ | ১৩৯১,১৭,৭০ | ৭৯,৫৬,০০ |
| ৯ | বাংলাদেশ কোস্টগার্ড | ১,৩০,৬৫ | ৭৫০,২০,০০ | ২৪০,৮৬,০০ |
| | থোক | -- | -- | |
| | মোট = | ৫৮৩,০০,০০ | ১৮৩২৪,৬৪,০১ | ১০৭২,৩৫,০০ |

(খ) ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের লক্ষমাত্রাঃ

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | দপ্তর/অধিদপ্তর | ২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা | ২০১৮-২০১৯ অর্থবছরের প্রস্তাবিত পরিচালন ব্যয় বরাদ্দ | ২০১৮-২০১৯ অর্থবছরের প্রস্তাবিত উন্নয়ন ব্যয় বরাদ্দ |
|---|---|---|---|---|
| | | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১২,৭১,১১ | .২০৫,১৬,০০ | -- |
| ২ | উপদেষ্টা বোর্ড | -- | ১১,২০ | -- |
| ৩ | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | -- | ১৬,৫১,৩০ | -- |
| ৪ | এনটিএমসি | -- | ৩৮৬,১৬,০০ | -- |
| ৫ | ইন্টারপোল | -- | ৭০,০০ | -- |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ৬১৪,১১,১৯ | ১৩৭৫১,৮১,৭৬ | ৪৮৮,২৩,০০ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ১৩,৮৭,৮৭ | ৩৩৩৪,৪৪,৪৭ | ২৭৬,৬২,০০ |
| ৮ | বাংলাদেশ আনসার ও ভিডিপি | ৯,৬৪,৫০ | ১৭৯৮,১৮,৯৭ | ৫৮,৬৪,০০ |
| ৯ | বাংলাদেশ কোস্টগার্ড | ১,৪৬,৩৩ | ৬৭৫,৬৩,০০ | ৩৮২,৭৫,০০ |
| | সংরক্ষিত | - | -- | ৫০,৪১,০০ |
| | মোট = | ৬৫১,৮১,০০ | ২০১৬৮,৭২,৭০ | ১২৫৭,৬৩,০০ |

চলমান পাতা-৩

(খ) ২০১৯-২০২০ও ২০২০-২০২১ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়ের প্রক্ষেপনঃ

| ক্রঃ নং | দপ্তর/অধিদপ্তর | রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন | | পরিচালন ব্যয় প্রক্ষেপন | | উন্নয়ন ব্যয় প্রক্ষেপন | |
|---|---|---|---|---|---|---|---|
| | অর্থবছর | ২০১৯-২০ | ২০২০-২০২১ | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ |
| ১) | জননিরাপত্তা বিভাগ | ১৪,০৩,৬৪ | ১৫,১৫,৭৫ | ২৩০,১৬,০৬ | ২৪৬,২৭,১৮ | ৭৮,০০ | ৭৮,০০ |
| ২) | উপদেষ্টা বোর্ড | -- | -- | ১১,৯৮ | ১১,৯৮ | -- | -- |
| ৩) | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | -- | -- | ১৭,০০,০০ | ১৮,০০,০০ | -- | --- |
| ৪) | এনটিএমসি | -- | -- | ২১১,৩১,৮৩ | ২২৬,১১,০৬ | ১৫,০০,০০ | ২০,০০,০০ |
| ৫) | ইন্টারপোল | -- | -- | ৭০,০০ | ৭০,০০ | | |
| ৬) | বাংলাদেশ পুলিশ | ৬৮৮,০০,৮২ | ৭৭১,১২,৯১ | ১৪৯০১,৮৩,০৪ | ১৫৯৫৮,১১,৯১ | ৬১০,০০,০০ | ৬৩০,০০,০০ |
| ৭) | বর্ডারগার্ড বাংলাদেশ | ১৫,৫৪,৪১ | ১৭,৪০,৯৩ | ৩৬৯৬,১৪,১২ | ৩৮৪৭,৮৭,১১ | ২৩০,০০,০০ | ২৪০,০০,০০ |
| ৮) | বাংলাদেশ আনসার ও ভিডিপি | ১০,৮০,২৪ | ১২,০৯,৮৬ | ১৭০৯,৭৫,০৭ | ১৮২৯,৪৩,৩১ | ১০৫,০০,০০ | ১১৫,০০,০০ |
| ৯) | বাংলাদেশ কোস্টগার্ড | ১,৬৩,৮৯ | ১,৮৩,৫৫ | ৬৭৬,০৫,৩০ | ৭১০,৪৬,৬৩ | ২৫০,০০,০০ | ২৬০,০০,০০ |
| | মোট | ৭৩০,০৩,০০ | ৮১৭,৬৩,০০ | ২১৩৪৩,০৭,৪০ | ২২৮৩৭,০৯,১৮ | ১২১০,৭৮,০০ | ১২৬৫,৭৮,০০ |
| | থোক বরাদ্দ | -- | -- | -- | -- | ৫৫,৯৬,৬০ | ৮৯,৬৩,৮২ |
| ১০) | উন্নয়ন কর্মসূচি | -- | -- | -- | -- | -- | -- |
| | মোট = | ৭৩০,০৩,০০ | ৮১৭,৬৩,০০ | ২১৩৪৩,০৭,৪০ | ২২৮৩৭,০৯,১৮ | ১২৬৬,৭৪,৬০ | ১৩৫৫,৪১,৮২ |

০৭। সভাপতি রাজস্ব ও উন্নয়ন বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ বিষয়সমূহকে প্রাধান্য দিতে এবং দপ্তর/অধিদপ্তরের সম্পদ ব্যবহারের ক্ষেত্রে সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্ম পদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। তবে যৌক্তিক আবেদন সরকার অবশ্যই বিবেচনা করবেন মর্মে সভাপতি সভাকে আশ্বস্ত করেন।

০৮। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) সরকারের Rules of Buiness এর তফসিলভুক্ত Alloccation of Business অনুযায়ী আর্পিত দায়িত্ব পালন ও জনগণের চাহিত সেবা নিশ্চিত করার লক্ষে SDG, APA ও MBF একই ধরণের allignment এ আনতে হবে। জনগণের চাহিত সেবা নিশ্চিত করার লক্ষে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ ও বিভাজন করতে হবে। জনগণের চাহিত সেবা সহজতর করার লক্ষে জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের APA,SDG MBF এর সাথে সংগতি রেখে চুক্তির খসড়া আরও বাস্তবসম্মত প্রস্তুত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে APA সংশ্লিষ্ট কমিটি কাজ করবে এবং বাজেট-২ শাখা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

(খ) চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট বরাদ্দ এবং ২০১৯-২০২০, ২০২০-২০২১ অর্থবছরের প্রাক্কলন/প্রক্ষেপণ অনুযায়ী বিভাজন নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করতে হবে। অতিরিক্ত বাজেট বরাদ্দের আবশ্যকতা থাকলে তার যথাযথ যৌক্তিকতা উপস্থাপনপূর্বক প্রস্তাব প্রেরণ করতে হবে।

(গ) গত ২০১৭-২০১৮ অর্থবছরের আয় ব্যয়ের হিসাব আগামী ৩১/১০/২০১৮ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের স্ব-স্ব দপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা আগামী ৩১/১০/২০১৮ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা আগামী ৩১/১০/২০১৮ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) বাংলাদেশ পুলিশ, বিজিবি ও অন্যান্য সংস্থার টিওএন্ডইভূক্ত যানবাহন ক্রয় করার জন্য সরকারে নীতিমালা অনুযায়ী যথাযথভাবে প্রস্তাব প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং এ বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি ত্রি-পক্ষীয় সভার আয়োজনের পদক্ষেপ গ্রহণ করার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। সভার আলোচ্যসূচিতে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মশিউর রহমান)
অতিরিক্ত সচিব(উন্নয়ন), জননিরাপত্তা বিভাগ
ও
সচিব (ভারপ্রাপ্ত)/সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

চলমান পাতা-৪

বিতরণঃ

১। -----------------------------------------------------------------------------------------অধিদপ্তর।
২। অতিরিক্ত সচিব, আসী/ প্রশাসন ও অর্থ/উন্নয়ন/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/ জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। অতিরিক্ত সচিব(বাজট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার(এনটিএমসি), ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। উপ প্রধান, পরিকল্পনা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁএঃ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫১৩

নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৬৩.২০১৮- ৫৯৪/১৭(৬) তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ।

অনুলিপিঃ-সদয় জ্ঞার্তার্থে ও কার্যার্থে

১। সদস্য, কার্যক্রম বিভাগ/ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। সহাকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬। যুগ্ম সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁএঃ)
সিনিয়র সহকারী সচিব